

রীলিজের জন্য রোধ: 18:30 EDT 5 অগাস্ট 2010 / 0:01 GMT 6 অগাস্ট 2010

এশিয়াতে রটাবাইরাস (একটি ভাইরাস যা শিশুদের খুব পেটের অসুখের কারণ) ভ্যাকসিন (rotavirus vaccines) দিয়ে দেখা গেছে যে শিশু বয়সে যে সাংঘাতিক ধরণের পেটের অসুখ সচরাচর হয়ে থাকে তার বিরুদ্ধে এই রটাবাইরাস ভ্যাকসিন যথেষ্টভাবে প্রতিরক্ষা দেয়

*এই সব অনুসন্ধান—আফ্রিকা সহ—অন্যান্য স্বল্প আয়ের, রোগ দ্বারা ভারাক্রান্ত দেশের সোটিং-এ আরও বেশি গবেষণা চালানোর কারণ হয়ে দাঁড়িয়েছে—এতে বোঝা যায় যে রটাবাইরাস ভ্যাকসিন জনস্বাস্থ্যের ক্ষেত্রে বিরাট প্রভাব সৃষ্টি করতে যাচ্ছে।*

জেনিভা (Geneva) এবং সিয়াট্যল (Seattle)— *The Lancet* সাময়িক পত্রিকায় আজ প্রকাশিত অভূতপূর্ব এক চিকিৎসা অধ্যয়ন, যে অধ্যয়ন এশিয়ার উন্নয়নশীল দেশগুলিতে রটাবাইরাস ভ্যাকসিন নিয়ে কাজ করছে এবং আফ্রিকা থেকে একটি নতুন অধ্যয়নের মাধ্যমে জানা গেছে যে দিন দিন একথাই বেশি করে প্রমাণিত হচ্ছে যে রটাবাইরাস সংক্রামিত প্রচলিত রকম পেটের অসুখ প্রতিরোধকারক এই সব ভ্যাকসিন নিরাপদ, ফলপ্রসূ এবং জীবনরক্ষক।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার [World Health Organization (WHO)] অতি সাম্প্রতিক মূল্যায়ন অনুসারে রটাবাইরাস 2004 সালে বিশ্বজুড়ে 500,000 লক্ষেরও বেশি শিশু মৃত্যুর কারণ হয়েছিল। এশিয়া ও আফ্রিকাতে, যেখানে 85 শতাংশেরও বেশি রটাবাইরাসের কারণে মৃত্যু ঘটে থাকে, সেখানে ভ্যাকসিনের মাধ্যমে রোগ নিবারণ পেটের অসুখ ও শিশু মৃত্যু সংখ্যার ক্ষেত্রে পর্যাপ্ত প্রভাব বিস্তার করবে।

আনটনি নেলসন (Anthony Nelson), হংকং-এর চীনা বিশ্ববিদ্যালয়ের শিশু রোগ চিকিৎসার অধ্যাপক, এবং ইউ-এস-এর ন্যাশনাল ইনস্টিটিউট অফ হেল্থ (US National Institutes of Health)-এর ফোগার্টি ইন্টারন্যাশনাল সেন্টারের (Fogarty International Center) -এর ডাইরেকটর রজার গ্লাস (Roger Glass) এই সব অনুসন্ধানের ফলাফল জানার পর এক ভাষণে বলেছেন, “মিলেনিয়াম উন্নয়ন লক্ষ্য 4 (Millennium Development Goal 4) পূরণ করার জন্য এবং শিশুর বেঁচে থাকার হারে উন্নতি করার জন্য কৌশলগত প্যাকেজের অঙ্গ হিসাবে রটাবাইরাস ভ্যাকসিন দেবার দরকার হবে। “কোনো কোনো দেশ যারা আগেই তাদের জাতীয় কার্যক্রমে রটাবাইরাস ভ্যাকসিন অন্তর্ভুক্ত করেছিল, তারা ইতোমধ্যেই বিস্ময়কর ফল পেতে শুরু করেছে।”

এশিয়া ও আফ্রিকাতে যে চিকিৎসাগত অধ্যয়ন পরিচালিত হয় তা Merck & Co., Inc.-এর রটাবাইরাস ভ্যাকসিন RotaTeq® পরীক্ষা করে দেখেছে—এটি হল যে দুটি মুখে দিয়ে খাবার রটাবাইরাস ভ্যাকসিন পাওয়া যায় তারই একটি।

“এশিয়ার দুঃস্থ জনসাধারণের মধ্যে প্রথম পরীক্ষা নিরীক্ষায় আমরা দেখিয়েছি যে রটাবাইরাস ভ্যাকসিন দিলে শিশুর জীবনের প্রথম বছরটিতে যখন শিশুরা সবচেয়ে বিপদাপন্ন থাকে তখন রটাবাইরাস সংক্রামিত প্রচলিত রকম পেটের অসুখের ঘটনা কমে গিয়ে অর্ধেক হয়ে গেছে,” এ কথা বলেন ডাঃ কে জামান (Dr. K. Zaman) বাংলাদেশের পেটের অসুখ সংক্রান্ত গবেষণার আন্তর্জাতিক কেন্দ্রের বরিস্ট বৈজ্ঞানিক (International Centre for Diarrhoeal Disease Research) (ICDDR, B), এবং মহামারী বিশেষজ্ঞ, যিনি এশীয় অধ্যয়নেরও নেতৃত্বান্বীত রচয়িতা। “সেই সব সম্প্রদায়ে যেখানে সেবা পেতে অনেক বিলম্ব হয়, সেখানে রটাবাইরাস থেকে মৃত্যু নিবারণ করার জন্য টীকা দেওয়াই শ্রেষ্ঠ উপায়।”

এশিয়ার স্বল্প আয় ও প্রচলিতভাবে রোগ দ্বারা ভারাক্রান্ত সোটিং-এ টীকার ফলপ্রসূতা যাচাই করার অধ্যয়নে বাংলাদেশ ও ভিয়েতনামে প্রায় 2,000 শিশু নাম লিখিয়েছে। এই অঞ্চলে জীবনের প্রথম বছরের পরও রটাবাইরাস টীকার কার্যকারিতা কতটা তা পরীক্ষা করে দেখা হয় এই অধ্যয়নে—ভ্যাকসিনটি প্রায় পর পর আরও দু বছর ধরে ক্রমাগত দিয়ে চললে প্রচলিত অসুখের ক্ষেত্রে 48.3 শতাংশ কার্যকারিতা বজায় রাখে। উন্নত দেশগুলিতে পরীক্ষায় যা দেখা গেছে তার থেকে এই ফলপ্রসূতার হার যদিও বা কম, অনুসন্ধানে বোঝা যায় যে যদি এই টীকার বহুল ব্যবহার হয়

প্রত্যেক বছর শুধু এই অঞ্চলেই হাজার হাজার জীবন রক্ষা করা সম্ভব যেখানে পেটের অসুখ থেকে মৃত্যু সংখ্যা খুব বেশি।

“এই অনুসন্ধানের ফলে এশিয়া ও আফ্রিকার দরিদ্রতম দেশগুলিতে রটাভাইরাস টীকার আরও বেশি ব্যবহারের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা যে সুপারিশ করেছেন, তারই সহায়তা করা হবে, এই দেশগুলিতে এই টীকা সবচেয়ে বেশি উপকার দেবে,” এ কথা বলেন ডাঃ জাঁ-ম্যারি ওকউয়ো-বেল (Dr. Jean-Marie Okwo-Bele) বিশ্ব স্বাস্থ্য সংস্থার, (WHO) ইমিউনাইজেশন, ভ্যাকসিনস্ আন্ড বায়োলজিক্যালস (Immunization, Vaccines and Biologicals)-এর ডাইরেকটর। “এই ধরনের টীকার সারা বিশ্বের ডায়োরিয়া নিয়ন্ত্রণ কার্যক্রমকে পুনরায় শক্তিশালী করার ক্ষমতা এবং শিশু জীবন হানির প্রধান কারণকে নির্মূল করার দিকে বিরাট পদক্ষেপ নেবার ক্ষমতা আছে।”

2009 সালে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO উন্নয়নশীল ও উন্নত দেশগুলিতে পরিচালিত অধ্যয়নকে পর্যালোচনা করা সহ তথ্যাদির সমীক্ষা করেছে এবং সুপারিশ করেছে যে প্রত্যেকটি দেশ যেন তার জাতীয় কার্যক্রমে রটাভাইরাস টীকাকে অন্তর্ভুক্ত করে। যে সব দেশে ডায়োরিয়া পাঁচ বছরের কমবয়সী বাচ্চাদের মধ্যে 10% -এরও বেশি মৃত্যুর কারণ, সেখানে এই টীকা চালু করার জন্য জোরদার সুপারিশ করা হয়েছে।

“পরিষ্কার প্রমাণ পাওয়া যাচ্ছে যে—রটাভাইরাসের বিরুদ্ধে টীকা দেওয়া হল প্রচলিত এবং প্রায়ই জীবনহানিকর মারাত্মক ডায়োরিয়া থেকে লক্ষ লক্ষ শিশুদের বাঁচানো শ্রেষ্ঠ উপায়গুলির একটি,” বলেন ডাঃ তাচি ইয়ামাদা (Dr. Tachi Yamada) বিশ্ব স্বাস্থ্য কার্যক্রম (Global Health Program), Bill & Melinda Gates Foundation-এর প্রেসিডেন্ট। “অর্থদাতা ও রাজনৈতিক নেতাদের এখন সুনিশ্চিত করা কর্তব্য যে আমরা যেন সেইসব শিশুদের এই টীকা দিতে পারি যাদের তা সবচেয়ে বেশি দরকার।”

ঘানা, কেনিয়া ও মালিতে পরিচালিত একটি আফ্রিকান চিকিৎসা অধ্যয়ন, যেটি *The Lancet*-এর এই সংস্করণেও প্রকাশিত হয়েছে, সাব-সাহারান আফ্রিকায় রটাভাইরাস টীকার সুরক্ষা সম্বন্ধে আরও প্রমাণ দিচ্ছে। আফ্রিকায় রটাভাইরাস টীকার একমাত্র প্রথম চিকিৎসা অধ্যয়নে পাওয়া তথ্যাদির বিষয় যা এই বছরের প্রথম দিকে প্রকাশিত হয়েছিল, এই অধ্যয়নটি তারই অনুপূরক এবং তাকেই সমর্থন করেছে।

“এই অধ্যয়নগুলি আরও প্রমাণ করছে যে পৃথিবীতে যে শিশুরা একেবারেই সুরক্ষিত নয় তাদের জীবনরক্ষার জন্য রটাভাইরাস টীকা হল শক্তিশালী অস্ত্র। কিন্তু অপরাধ অর্থদানের জন্য, এই টীকা শুধুমাত্র বিশ্বের দরিদ্রতম দেশগুলির কয়েকটিতে মাত্র নিয়মিত রোগসংক্রমণ প্রতিরোধের কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে,” বলেন ডাঃ জুলিয়ান লব-লেভিট (Dr. Julian Lob-Levyt) যিনি GAVI Alliance-এর প্রধান একজিকিউটিভ অফিসার, যিনি 2015 সালের মধ্যে 44 টি স্বল্প আয়ের দেশে রটাভাইরাস টীকা চালু করার লক্ষ্যকে সমর্থন করার উদ্দেশ্যে অর্থ সংগ্রহের জন্য প্রচার অভিযান চালাচ্ছেন। “এই অত্যন্ত স্বল্প আয় সম্পন্ন দেশগুলিতে যেখানে স্বাস্থ্যসেবা খুবই সীমিত এবং যেখানে রোগের আক্রমণ ও প্রাদুর্ভাব সর্বাধিক, সেখানেই এই টীকাগুলি সবচেয়ে নৈরাশ্যজনকভাবে প্রয়োজনীয়।”

যেখানে উন্নত, ও উন্নয়নশীল উভয় দেশেই রটাভাইরাস টীকা চালু করা হয়েছে—সেখানে সমীক্ষায় দেখা যায় রটাভাইরাসের কারণে হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যু ঘটানোর অনেক কমে গেছে। মেক্সিকো থেকে সাম্প্রতিক অনুসন্ধানের ফলাফলে জানা গেছে যে 2006 সালে টীকা চালু হবার পর ডায়োরিয়া ঘটিত মৃত্যু 2009 সালের রটাভাইরাস সক্রিয় থাকার ঋতুতে দু বছর বা তারও কমবয়সী শিশুদের ক্ষেত্রে 65 শতাংশ কমে গেছে। নিকারাগুয়াতে, যেটি রটাভাইরাস টীকা চালু করার প্রথম উন্নয়নশীল দেশ, এই টীকা 60 শতাংশ সাংঘাতিক কেস নিবারণ করেছে এবং হাসপাতালে ভর্তির সংখ্যা ও জরুরী অবস্থায় হাসপাতালে হাজির হবার সংখ্যা অর্ধেক কমিয়ে এনেছে। আরও ব্যাপকভাবে বলতে গেলে, গবেষক আরও দেখছেন যে টীকা দিলে অপ্রত্যাশিতভাবে যে শিশুরা টীকা পায়নি তারাও উপকৃত হবে, কেন না রোগ সংক্রামিত হবার সম্ভাবনা কমে যাবে, যার ফলে গোষ্ঠীবদ্ধভাবে রোগপ্রতিরোধের ফল পাওয়া যাবে, যে ক্ষেত্রে টীকার সম্ভাব্য প্রভাব বিস্তারের ক্ষমতা, এর ফলপ্রসূতা সম্বন্ধে যে অধ্যয়ন হয়েছিল তার পূর্বাভাসকেও ছাড়িয়ে যাবে।

এই সম্প্রসারিত সাক্ষ্যপ্রমাণের বুনিয়াদ রটাভাইরাস টীকার সেই গুরুত্বপূর্ণ ভূমিকার উপর জোর দিচ্ছে, যা কি না একটি অখন্ড একত্রিত মধ্যস্থতার কাঠামোতে এই টীকা পূরণ করতে পারে যে সব মধ্যস্থতা পেটের অসুখের নানা কারণগুলিকে নিবারণ করা ও চিকিৎসা করার ক্ষেত্রে একান্ত জরুরী। ডায়োরিয়া বা পেটের অসুখের অন্যান্য

কারণগুলির দিকে মনোযোগ দেবার প্রমাণিত এবং প্রতিপূরক মধ্যস্থতার মধ্যে আছে পরিষ্কার নিরাপদ জল পাবার ব্যবস্থা, উন্নত স্বাস্থ্যজ্ঞান, স্বাস্থ্যকর ব্যবস্থার উৎকর্ষসাধন, ওরাল (মৌখিক) রিহাইড্রেশন সলিউশন, স্তন্যপান করানো, ভিটামিন A ও জিঙ্ক জনিত অতিরিক্ত পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা। বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO, নিজের সুপারিশের অঙ্গ হিসাবে ব্যাপকমুখী মধ্যস্থতা ও দৃষ্টিভঙ্গীর কাঠামোর মধ্যে রটাভাইরাস টিকা দেওয়ার উৎসাহদান করছে যেটি ডায়োরিয়াজনিত অসুখবিসুখ নিবারণের সমস্ত উপায়গুলিকে কাজে লাগাবে।

চিকিৎসাগত অধ্যয়ন টিকা প্রস্তুতকারক Merck ও রটাভাইরাস ভ্যাকসিন প্রোগ্রাম (Rotavirus Vaccine Program)-এর মধ্যে—অংশীদারিত্ব দ্বারা ও যুগ্মভাবে অর্থদানের দ্বারা সমর্থন সাধিত। এই রটাভাইরাস প্রোগ্রামে সহযোগিতা করছেন PATH, WHO, এবং ইউনাইটেড স্টেটস সেন্টারস ফর ডিসীজ কন্ট্রোল আন্ড প্রিভেনশন (United States Centers for Disease Control and Prevention)। এদের অর্থপ্রদান করছেন GAVI Alliance।

“WHO অর্থাৎ বিশ্ব স্বাস্থ্য সংস্থা এই সব অধ্যয়নের জন্য বলেছে যাতে স্থির করা যায় যে অত্যন্ত প্রয়োজন যে সব জায়গায় সেখানে রটাভাইরাস টিকা কিভাবে কার্যকরী হচ্ছে,” বলেন ডাঃ ক্যাথলীন নিউজিল (Dr. Kathleen Neuzil), PATH-এর টিকা সংক্রান্ত বরিষ্ঠ চিকিৎসাগত পরামর্শদাতা। “ওরাল ভ্যাকসিন (মুখে দেবার টিকা ওষুধ) বিভিন্ন কাঠামোয় বিভিন্নভাবে কাজ করে এবং অতিসাম্প্রতিক অনুসন্ধান আরও প্রমাণ করছে যে রটাভাইরাস ভ্যাকসিন আফ্রিকা ও এশিয়ার উন্নয়নশীল দেশগুলিতে জনস্বাস্থ্যের ক্ষেত্রে বিশাল প্রভাব বিস্তার করতে পারে—ইউনাইটেড স্টেটস ও ইউরোপে আমরা যা দেখেছি তার চেয়েও বিশালভাবে। রোগের প্রাদুর্ভাব ও রোগের আক্রমণের বোঝা অতটাই বেশি।”

GAVI Alliance একটি বড় ধরনের প্রচার অভিযান চালাচ্ছে যার মাধ্যমে অর্থদাতাদের যথেষ্ট পরিমাণে অর্থ দিয়ে রটাভাইরাস টিকা চালু করার জন্য বিশেষভাবে বলা হচ্ছে। 6 অক্টোবর এটি একটি অর্থদান সংক্রান্ত বৈঠক করবে, যেটি সেপ্টেম্বরে নিউ ইয়র্কে শীর্ষক অধিবেশনের পর হবে যে অধিবেশনের বিষয়বস্তু হবে মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোলস্ (Millennium Development Goals) অর্জন করার দিকে কতদূর অগ্রগতি হল। GAVI জোর দিয়ে বলবে যে মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল 4 অর্জন করা অসম্ভব হবে যদি রটাভাইরাস এবং নিউমোকোকাল অসুখের বিরুদ্ধে ব্যাপকভাবে রোগপ্রতিরোধ ব্যবস্থা না নেওয়া হয়।

অধ্যয়ন সংক্রান্ত প্রবন্ধের কপি জন্য অনুগ্রহ করে টনি কিরবাই (Tony Kirby) -র সঙ্গে [Tony.Kirby@Lancet.com](mailto:Tony.Kirby@Lancet.com). -এ যোগাযোগ করুন। রটাভাইরাস সম্বন্ধে আরও জানার জন্যে, দেখুন: <http://www.path.org/media/common-disease-promising-solution.php>। ডায়োরিয়া বন্ধ করার জন্য উপায়গুলি সম্বন্ধে জানার জন্যে দেখুন [www.defeatDD.org](http://www.defeatDD.org)। এই প্রেসরিলিজটি অনলাইনে দেখার জন্যে দেখুন <http://www.path.org/news/pr100805-rotavirus-vaccines-Asia.php>।

যোগাযোগ করার জন্য:

PATH-এর জন্য: পাউল কুইর্ক (Paul Quirk), +1 202 572 2879, +1 202 549 5394 (মোবাইল), [Paul.Quirk@gmmb.com](mailto:Paul.Quirk@gmmb.com)

GAVI-এর জন্য: ড্যান টমাস (Dan Thomas), +41 (22) 909 6524, +41 (79) 251 8581 (মোবাইল), [dthomas@gavialliance.org](mailto:dthomas@gavialliance.org)